

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, ঢাকা।

স্মারক নং-১৬.৫০.০০০০.০০৩.১৫.৬৩০.১৮-৭০৪

তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত পদে নিয়োগের জন্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা (২৩/১০/২০১৯ তারিখে)	বেতন স্কেল (টাকা)	যোগ্যতা
১	সীটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর	১ (এক)	১৮-৩০ বছর মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর	১১,০০০/- ২৬,৫৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫, গ্রেড-১৩)	১. এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাশ ২. সীটলিপিতে গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৫০ এবং ইংরেজিতে ৮০ শব্দ। ৩. কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি, টাইপিং ইত্যাদিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ।

শর্তাবলীঃ

- ১। চাকুরীর আবেদন পত্র www.hindustrust.gov.bd হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
- ২। চাকুরীর আবেদনপত্র আগামী ২৪/১০/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, ঢাকা বা ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে পৌঁছাতে হবে।
- ৩। আবেদনপত্রের সাথে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদন ফরমে ৫×৪ সেঃ মিঃ পরিমাপের সদ্য তোলা ৩ কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। নির্ধারিত ফরম ব্যতিত অথবা ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৬। হিন্দু ধর্মাবলম্বী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৭। সরকারি/আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর বর্তমান যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ মিমি সাইজের ১টি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৯। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১০। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিয়োগ/ আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।


(বিষ্ণু কুমার সরকার)
সচিব (উপসচিব)